



আওয়ামী লীগ নিষিদ্ধের সিদ্ধান্ত আদালতের: তথ্য উপদেষ্টা



ছবি: সংগৃহীত

আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ করতে সরকার প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নিয়েছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর তথ্য উপদেষ্টা জাহেদ উর রহমান। মঙ্গলবার (২৩ জুন) সচিবালয়ে তথ্য অধিদপ্তরে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি বলেন, “নৈতিকভাবে পরাজিত আওয়ামী লীগের কিছু চোর-বাটপার অর্থের জোরে দেশে অস্থিতিশীলতা তৈরির চেষ্টা করছে।”

জাহেদ উর রহমান বলেন, সরকার দলটির কার্যক্রম নিষিদ্ধের বিষয়ে আইন করেছে। তবে কোনো রাজনৈতিক দল নিষিদ্ধ হবে কি না, সে বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত আদালতের। এ বিষয়টি আদালতের এখতিয়ারভুক্ত বলেও উল্লেখ করেন তিনি।

আওয়ামী লীগের নেতাকর্মীদের স্থানীয় সরকার নির্বাচনে অংশগ্রহণের সুযোগ নিয়ে এক প্রশ্নের জবাবে তথ্য উপদেষ্টা বলেন, বিদ্যমান নির্বাচনী বিধি অনুযায়ী যোগ্য যে কেউ স্থানীয় সরকার নির্বাচনে অংশ নিতে পারবেন।

এ ছাড়া স্বাধীন মিডিয়া কমিশন গঠনের বিষয়ে সরকার আশাবাদী জানিয়ে তিনি বলেন, কমিশন গঠনের প্রক্রিয়া এগিয়ে নেওয়া হচ্ছে এবং দ্রুতই এ বিষয়ে দৃশ্যমান অগ্রগতি আসতে পারে।